

খেলা

শ্রীলঙ্কার কাছে হেরে ব্রোঞ্জও খোয়াল বাংলাদেশ

প্রতিবেদক: খেলা ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ১০:৪৬ AM



স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস। তবে সেই স্বপ্ন তো পূরণ হয়ইনি, এমনকি ব্রোঞ্জ পদকও জিততে পারল না বাংলাদেশ।

সেমিফাইনালে পাকিস্তানের কাছে হারের পর এবার ব্রোঞ্জ পদকের লড়াইয়ে শ্রীলঙ্কার কাছে ৬৩ রানে হেরেছে বাংলাদেশ। ফলে এশিয়ান গেমস থেকে কোনো পদক ছাড়াই ফিরতে হচ্ছে লিটন দাসদের।

অথচ ব্রোঞ্জ জয়ের দারুণ সুযোগই তৈরি হয়েছিল বাংলাদেশের সামনে। টস হেরে বোলিংয়ে নেমে শুরুতেই শ্রীলঙ্কাকে চাপে ফেলে বাংলাদেশ। মাহাদী হাসান ও আলিস ইসলামের ঘূর্ণিতে মাত্র ২১ রানেই চার উইকেট হারিয়ে বিপর্যয়ে পড়ে লঙ্কানরা।

এরপর রিশাদ হোসেন আরও একটি উইকেট তুলে নিলে ৫৪ রানে পাঁচ উইকেট হারায় শ্রীলঙ্কা। তখন সহজ লক্ষ্য পাওয়ার সম্ভাবনাই জোরালো মনে হচ্ছিল। কিন্তু বাংলাদেশি বোলারদের সেই প্রত্যাশা পূরণ হতে দেননি সাহান আরাচিগে ও থারিন্দু রত্নানায়েকে।

ষষ্ঠ উইকেটে দুজন গড়েন ৯৩ রানের বিধ্বংসী জুটি। ৪৬ বলে গড়া সেই জুটি ভাঙে খারিন্দু রত্নানায়েকের বিদায়ে। তার আগে মাত্র ৩২ বলে ৬৫ রানের ঝড়ো ইনিংস খেলেন তিনি। ৭টি চার ও ৫টি ছক্কায় সাজানো ইনিংসটির স্ট্রাইক রেট ছিল ২০৩.১২।

অধিনায়ক সাহান আরাচ্চিগে করেন ৩৩ রান। তাদের ব্যাটে ভর করে নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ১৬৫ রান সংগ্রহ করে শ্রীলঙ্কা।

বাংলাদেশের হয়ে মাহাদী হাসান ও সাইফ হাসান নেন দুটি করে উইকেট। আলিস ইসলাম ও রিশাদ হোসেন নেন একটি করে উইকেট। মুস্তাফিজুর রহমান ৩ ওভারে ৪৩ রান দিয়ে দুটি উইকেট শিকার করেন। এর মধ্যে প্রথম ওভারেই তিনি দেন ২৫ রান।

ব্যাটিংয়ে শুরু থেকেই ধস

১৬৬ রানের লক্ষ্য তাড়ায় শুরু থেকেই বিপর্যয়ে পড়ে বাংলাদেশ। ইনিংসের প্রথম ওভারেই সাইফ হাসান শূন্য রানে ফেরেন। এরপর তানজিদ হাসান তামিম ও অধিনায়ক লিটন দাসও রানের খাতা খোলার আগেই সাজঘরে ফেরেন।

একপর্যায়ে দলীয় ৫০ রানেই ৬ উইকেট হারিয়ে ম্যাচ থেকে ছিটকে পড়ে বাংলাদেশ। এরপর আর ঘুরে দাঁড়াতে পারেনি দলটি। একে একে অন্য ব্যাটাররাও সাজঘরে ফেরেন।

শেষ পর্যন্ত পারভেজ হোসেন ইমন, ইয়াসির আলি রাব্বি ও নাসুম আহমেদের ছোট ছোট ইনিংসে কোনো রকমে একশ পেরোয় বাংলাদেশের রান। নবম ব্যাটার হিসেবে নেমে দলের হয়ে সর্বোচ্চ ২৬ রান করেন নাসুম আহমেদ। পারভেজ হোসেন ইমন করেন ২২ এবং ইয়াসির আলি রাব্বি করেন ২১ রান।

শ্রীলঙ্কার হয়ে নুয়ান তুষারা, খারিন্দু রত্নানায়েকে, বিজয়কান্ত বিশ্বকান্ত ও ওয়ানুজা সাহান দুটি করে উইকেট নেন।

৬৩ রানের এই পরাজয়ে সোনা কিংবা রূপা নয়, ব্রোঞ্জ পদকও হাতছাড়া হলো বাংলাদেশের। ফলে এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেট থেকে খালি হাতেই ফিরতে হচ্ছে লিটনদের।

এ বিভাগের আরও খবর



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হারাল নেপাল
এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হারিয়েছে নেপাল। ডিসেম্বর জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০৩ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে

চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত খনিরে আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো প...



নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ

নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...



জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত

ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ বেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/shrlngkar-kachhe-here-bronjo-khoyal-bangladesh>